গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : পদ্মা সেতু প্রকল্প এলাকায় টেকসই ব্যাংক প্রটেকশন কাজের অংশ হিসেবে প্রকল্পের ভাটিতে শিমুলিয়াস্থ স্পীড বোট ঘাট হতে পদ্মা সেতুর স্টেক ইয়ার্ড পর্যন্ত (কম/বেশী ১০০০ মি:) ব্যাংক প্রটেকশন বর্ধিতকরণ কাজ বাস্তবায়নের বিষয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখ।
সভার সময়	বেলা ২.৩০ ঘটিকায়।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'।

সভায় উপস্থিত এবং অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রনালয়ের উন্নয়ন অনুবিভাগের অতিরক্ত সচিব সভা আহবানের সংক্ষিপ্ত পটভূমি নিয়ে আলোকপাত করেন এবং এ সংশ্লিষ্ট মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ১৮-০৮-২০২০ তারিখে শিমুলিয়া ফেরীঘাট এবং পদ্মা সেতু নির্মাণ এলাকায় নদী ভাঙনে ব্যাপক ক্ষতিগ্রস্ত হওয়ায় এবং ফেরী পারাপার বন্ধ হয়ে যাওয়ায় এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়, সেতু বিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়কে প্রেরিত পত্র বিষয়ে সভাকে অবহিত করেন। একই বিষয়ে বিআইডব্লিউটিএ এর পত্র অনুযায়ী নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে পদ্মা সেতু এলাকায় শিমুলিয়াস্থ স্পীড বোট ঘাট হতে পদ্মা সেতুর স্টেক ইয়ার্ড পর্যন্ত (কম/বেশী) ১০০০ মিটার ব্যাংক প্রটেকশন কাজ বর্ধিতকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সেতু বিভাগ থেকে অত্র মন্ত্রণালয়কে অনুরোধের বিষটিও সভাকে করা হয়। বিষয়টি সভায় বিস্তারিতরুপে আলোচনা করা হয়।

২। নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, জনাব অনল চন্দ্র দাস সভায় প্রস্তাবিত শিমুলিয়া ফেরীঘাট এলাকায় এবং পদ্মা সেতু প্রকল্পের ভাটিতে নদী ভাঙন হতে শিমুলিয়া ফেরীঘাট রক্ষার্থে ও নদীতীর সংরক্ষণ সংক্রান্ত সকল কাজ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিআইডব্লিউটিএ এর চেয়ারম্যান একমত পোষণ করে ভাঙন এলাকার বর্তমান অবস্থা সভাকে অবহিত করেন।

৩। সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন), পাসম জানান, শিমুলিয়া ফেরীঘাট রক্ষার্থে ও নদীতীর সংরক্ষণে পানি সম্পদ মন্ত্রণালয়ের পক্ষে নুতন প্রকল্প গ্রহণ এ মন্ত্রণালয়ের এমটিবিএফ বিবেচনায় নিলে তা পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়ন করা কঠিন হয়ে পড়বে। অন্যদিকে বিআইডব্লিউটিএ'র উদ্যোগে ডিপিপি প্রণয়নপূর্বক শিমুলিয়াস্থ স্পীড ঘাট হতে পদ্মা সেতুর স্টেক ইয়ার্ড পর্যন্ত নদীতীর সংরক্ষণ কাজ কাজ ডিপোজিট ওয়ার্ক হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়ন করা সহজতর হবে। আরিচা-দৌলদিয়া ঘাটের ক্ষত্রে নৌপরিবহন মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে এরুপ নজির রয়েছে।

৪। সভায় সভাপতি মহোদয় বলেন যে, পদ্মা সেতু এলাকায় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তাবিত এলাকার বাইরেও কি পরিমাণ নদীতীর সংরক্ষণ কাজ ও ড্রেজিং কাজ বাস্তবায়ন করা প্রয়োজন সে বিষয়ে যৌথ জরিপ করা প্রয়োজন। জরিপ কাজ পরিচালনার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সেতু কর্তৃপক্ষ এবং বিআইডব্লিউটিএ এর সমন্বয়ে একটি কারিগরী কমিটি গঠন করে ঐ এলাকায় Bathymetric Survey করা সমীচীন হবে। কারিগরী কমিটির মতামত/সুপারিশের আলোকে শিমুলিয়া ফেরীঘাট এবং পাশ্ববর্তী এলাকায় নদীতীর সংরক্ষণ কাজ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফেরীঘাট সংশ্লিষ্ট কাজ বিআইডব্লিউটিএ

এবং পদ্মা সেতু প্রকল্প এলাকার আওতাধীন অন্যান্য প্রয়োজনীয় কাজ সেতু বিভাগ কর্তৃক বাস্তবায়ন করা যেতে পারে বলে সভাপতির অভিমতকে সভা স্বাগত জানায়। এছাড়াও নির্বিঘ্নে ফেরী চলাচলের সুবিধার্থে ঐ এলাকায় ড্রেজিং কাজ বাস্তবায়নের লক্ষ্যে বিআইডব্লিউটিএ কর্তৃক বার্ষিক কর্মপরিকল্পনা অনুসরনের বিষয়ে সভায় পরামর্শ দেয়া হয়।

৫। পদ্মা সেতু এলাকায় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে যৌথ জরিপ কাজ তিন সংস্থার সমন্বয়ে কারিগরী কমিটি গঠনের মাধ্যমে করার বিষয়ে সভার প্রস্তাবকে বাস্তবসম্মত বলে সেতু কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী কাজী মো: ফেরদাউস তাঁর অভিমত জানান।

৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) পদ্মা সেতু এলাকায় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শিমুলিয়া ফেরীঘাট ও তৎসংলগ্ন এলাকায় ঘাট নির্মাণ/সংস্কার, নদীতীর সংরক্ষণ ও ড্রেজিং কাজ বাস্তবায়নের লক্ষ্যে ডিজাইন প্রণয়ন ও সুনির্দিষ্ট সুপারিশ প্রদানের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নেতৃত্বে সেতু কর্তৃপক্ষ এবং বিআইডব্লিউটিএ এর উপযুক্ত প্রতিনিধির সমন্বয়ে একটি কারিগরী কমিটি গঠন করা হবে।

(খ) Bathymetric Survey এর ভিত্তিতে কারিগরী কমিটি কর্তৃক প্রণীত ডিজাইন ও সুপারিশের আলোকে শিমুলিয়া ফেরীঘাট এবং তৎসংলগ্ন এলাকায় নদীতীর সংরক্ষণ কাজ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ড্রেজিং কাজ এবং শিমুলিয়া ফেরীঘাট নির্মাণ/সংস্কার কাজ বিআইডব্লিউটিএ এবং পদ্মা সেতু প্রকল্পের আওতাধীন এলাকার অন্যান্য প্রয়োজনীয় কাজ সেতু বিভাগ কর্তৃক বাস্তবায়ন করা যেতে পারে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১৪.২০-৩৩৫

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭
০১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু বিভাগ, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।
২) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।
৪) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআরডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৫) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
৬) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।

১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
১৫) প্রোগ্রামার পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব